



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ড্রেডিট বিভাগ।

www.krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/জেরেবি/১/৩(১৭)/২০২৩-২০২৪/ ১৭৩৯ (২২৫০)

তারিখঃ ০৬/০৬/২০২৪ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়নের মেয়াদের জন্য গ্রাহক পর্যায়ে নির্ধারিত রেয়াতি সুদ/মুনাফা আরোপ প্রসঙ্গে।

সূত্র নং- বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার লেটার নং-০১ তারিখ: ২৯ মে, ২০২৪।

শিরোনামে বর্ণিত বিষয় ও বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের, কৃষি ঋণ বিভাগ কর্তৃক গঠিত পুনঃ অর্থায়ন ক্ষিম সংশ্লিষ্ট নীতিমালা সমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পুনঃ অর্থায়ন ক্ষিমের আওতায় গ্রাহক পর্যায়ে বিতরণকৃত কৃষি ও পল্লী ঋণ/বিনিয়োগের বিপরীতে নির্ধারিত মেয়াদের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্ষিমে অংশগ্রহণকারী সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অল্প সুদে/মুনাফায় পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করে থাকে।


০৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ক্ষিমের আওতায় পুনঃ অর্থায়ন ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ স্থিতির উপর কোনো কোনো ব্যাংক শাখা পুনঃ অর্থায়নপ্রাপ্ত মেয়াদের জন্য প্রযোজ্য রেয়াতি সুদ/মুনাফা হারের অতিরিক্ত সুদ/মুনাফা হার আরোপ করছে।

০৪। এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের, কৃষি ঋণ বিভাগ কর্তৃক গঠিত পুনঃ অর্থায়ন ক্ষিমসমূহের আওতায় পুনঃ অর্থায়নকৃত ঋণ/বিনিয়োগের সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ স্থিতির উপর পুনঃ অর্থায়ন সুবিধাপ্রাপ্ত মেয়াদের জন্য গ্রাহক পর্যায়ে নির্ধারিত রেয়াতি সুদ/মুনাফার অতিরিক্ত সুদ/মুনাফা আরোপ করা যাবে না।

০৫। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে সূত্রোক্ত সার্কুলার লেটার অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(মোহাম্মদ শওকত হোসেন)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)


বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/জেরেবি/০১/৩(১৭)/২০২৩-২৪/ ১৭৩৯ (২২৫০)

তারিখঃ ০৬/০৬/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


০৬/০৬/২০২৪
(মোহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

১৫ জ্যৈষ্ঠ ১৪৩১

তারিখ: -----

২৯ মে ২০২৪

এসিডি সার্কুলার লেটার নং - ১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

**বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়নের মেয়াদের জন্য
গ্রাহক পর্যায়ে নির্ধারিত রেয়াতি সুদ/মুনাফা আরোপ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

এ বিভাগ কর্তৃক গঠিত পুনঃ অর্থায়ন স্কিম সংশ্লিষ্ট নীতিমালাসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে বিতরণকৃত কৃষি ও পল্লী ঋণ/বিনিয়োগের বিপরীতে নির্ধারিত মেয়াদের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্কিমে অংশগ্রহণকারী সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অল্প সুদে/মুনাফায় পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করে থাকে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, স্কিমের আওতায় পুনঃ অর্থায়নকৃত ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ স্থিতির উপর কোনো কোনো ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়নপ্রাপ্ত মেয়াদের জন্য প্রযোজ্য রেয়াতি সুদ/মুনাফা হারের অতিরিক্ত সুদ/মুনাফা হার আরোপ করছে।

এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, এ বিভাগ কর্তৃক গঠিত পুনঃ অর্থায়ন স্কিমসমূহের আওতায় পুনঃ অর্থায়নকৃত ঋণ/বিনিয়োগের সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ স্থিতির উপর পুনঃ অর্থায়ন সুবিধাপ্রাপ্ত মেয়াদের জন্য গ্রাহক পর্যায়ে নির্ধারিত রেয়াতি সুদ/মুনাফার অতিরিক্ত সুদ/মুনাফা আরোপ করা যাবে না।

আপনাদের বিশ্বস্ত,

(কানিজ ফাতেমা)

পরিচালক (এসিডি)

ফোন: ৯৫৩০১৩৮